বাংলাদেশ নির্বাচন কমিশন
আঞ্চলিক নির্বাচন কর্মকর্তার কার্যালয়
রাজশাহী অঞ্চল, রাজশাহী
www.ecs.gov.bd

স্মারক নং-১৭.০৪.০০০০.০০০.১১.০৭৪.২৪- ৫৩৩ তারিখঃ ১৪ জুন ২০২৬ খ্রি.

**বিষয়ঃ আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা সরবরাহের চুক্তির মেয়াদ শেষে কার্যক্রম স্থগিত প্রসঙ্গে।**

সূত্রঃ নিকস ঢাকার স্মারক নম্বর-১৭.০০.০০০০.০১৬.১১.০১৫.২১-২৮৪, তারিখঃ ১৪-০৬-২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আঞ্চলিক নির্বাচন নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল, রাজশাহীর আওতাধীন জেলা ও উপজেলা/থানা নির্বাচন অফিসারের কার্যালয়ে আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী ০৫ জন গাড়ী চালক, ৬৯ জন পরিচ্ছন্নতাকর্মী ও ৪৩ জন নিরাপত্তাপ্রহরীসহ মোট-১১৭ (একশত সতের) জন এবং পরবর্তীতে ২৬ জন নিরাপত্তাপ্রহরীসহ সর্বমোট-১৪৩ (একশত তেতাল্লিশ) জন সেবা কর্মী চুক্তিপত্রের মাধ্যমে সরবরাহ করা হয়। সর্বশেষ ২০২৫-২০২৬ অর্থ বছরের নবায়নকৃত চুক্তিপত্র অনুযায়ী চুক্তির মেয়াদ শেষের তারিখ ৩০ জুন ২০২৬ খ্রি.। আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০২৫ এবং নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকার সূত্রোক্ত স্মারকের নির্দেশনা মোতাবেক ২০১৮ সালের নীতিমালার আওতায় যে সব কার্যক্রম নিষ্পন্ন হয়েছে তা চুক্তিকাল পর্যন্ত বহাল থাকবে। বিধায়, ২০২৫-২০২৬ অর্থ বছরের নবায়নকৃত চুক্তিপত্র ৩০ জুন ২০২৬ খ্রি. বাতিল বলে গণ্য হবে। এমতাবস্থায়, নির্দেশনা মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১৪/০৬/২০২৬

(মোঃ আনিছুর রহমান)
আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা
রাজশাহী অঞ্চল, রাজশাহী
পরিচিতি নম্বর-১০৯০৫০০৪
০২৫৮৮৮৫৫৯০৩/০১৫৫০০৪২৫৫৯
rajshahireo@gmail.com

ব্যবস্থাপনা পরিচালক
বুশরা সিকিউরিটি সার্ভিসেস (প্রাঃ) লিমিটেড
স্কাই ভিউ মমতা সেন্টার (২য় তলা), ৪৮-৪৯
কাকরাইল, ঢাকা-১০০০

স্মারক নং-১৭.০৪.০০০০.০০০.১১.০৭৪.২৪- তারিখঃ ১৪ জুন ২০২৬ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১। সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় হিসাবরক্ষণ কর্মকর্তা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
৩। উপসচিব, (জনবল ব্যবস্থাপনা-২), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৪। সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসার,....................(সকল), রাজশাহী অঞ্চল, রাজশাহী।
৫। সিনিয়র সহকারী সচিব, (জনবল ব্যবস্থাপনা-২), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৬। উপজেলা/থানা নির্বাচন অফিসার,...................(সকল), রাজশাহী অঞ্চল, রাজশাহী।
৭। জনাব,.......................................................................(সংশ্লিষ্ট কর্মচারী)।
৮। অফিস নথি।

আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা
রাজশাহী অঞ্চল, রাজশাহী

# বাংলাদেশ নির্বাচন কমিশন
## নির্বাচন কমিশন সচিবালয়

স্মারক নম্বর: ১৭.০০.০০০০.০১৬.১১.০১৫.২১-২৮৪

তারিখঃ ৩১ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ১৪ জুন ২০২৬

বিষয়ঃ "আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০২৫ এর আলোকে আউটসোর্সিং জনবল নিয়োগের কার্যক্রম গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নির্বাচন কমিশন সচিবালয় ও এর আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয়ের আঞ্চলিক নির্বাচন অফিস, জেলা ও উপজেলা নির্বাচন অফিসসমূহের আউটসোর্সিং জনবল নিয়োগের জন্য সংশ্লিষ্ট আঞ্চলিক নির্বাচন কর্মকর্তাদের দায়িত্ব প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে আঞ্চলিক নির্বাচন কর্মকর্তাগণ আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবাগ্রহণ নীতিমালা, ২০১৮ এর আলোকে সংশ্লিষ্ট অঞ্চলের আউটসোর্সিং জনবল নিয়োগ করেন। এ বিষয়ে গত ১৫ এপ্রিল ২০২৫ তারিখে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় "আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা ২০১৮" রহিত করে "আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০২৫" জারি করেন। উক্ত নীতিমালায় ২০১৮ সালের নীতিমালার আওতায় যে সব কার্যক্রম নিষ্পন্ন হয়েছে তা চুক্তিকাল পর্যন্ত বহাল থাকবে মর্মে নির্দেশনা রয়েছে।

০২। এমতাবস্থায়, "আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮" এর আওতায় আউটসোর্সিং জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে সম্পাদিত চলমান চুক্তির মেয়াদ শেষ হলে "আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০২৫ এবং পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ এর আলোকে আউটসোর্সিং জনবল নিয়োগের কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশিত হয়ে অনুরোধ করা হলো।

২৪/০৬/২০২৬

(মোঃ নাজমুল কবীর)
সিনিয়র সহকারী সচিব (জ.ব্য.-২)
ফোনঃ ৫৫০০৭৪৫৯
E-mail: sas_pm2@ecs.gov.bd

আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা (সকল)

স্মারক নম্বর: ১৭.০০.০০০০.০১৬.১১.০১৫.২১-২৮৪

তারিখঃ ৩১ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ১৪ জুন ২০২৬

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা;
২. যুগ্মসচিব.................................. (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা;
৩. মহাপরিচালক, নির্বাচনী প্রশিক্ষণ ইনস্টিটিউট, আগারগাঁও, ঢাকা
৪. উপসচিব.............................................(সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা;
৫. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সিএন্ডএজি, পিএসসি ও নির্বাচন কমিশন, সচিবালয় ভবন (৩য় ফেজ), সেগুনবাগিচা, ঢাকা;
৬. সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা/জেলা নির্বাচন কর্মকর্তা............................., (সকল);
৭. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৮. উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তা....................................... (সকল); এবং
৯. অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(মোঃ নাজমুল কবীর)
সিনিয়র সহকারী সচিব (জ.ব্য.-২)